



## ভোলার মাটিতে চিরনিদ্রায় শায়িত তোফায়েল আহমেদ



সংগৃহীত ছবি

মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও প্রবীণ রাজনীতিক তোফায়েল আহমেদকে নিজ জেলা ভোলায় দাফন করা হয়েছে। মঙ্গলবার বিকেলে সদর উপজেলার দক্ষিণ দিঘলদী ইউনিয়নের কোড়ালিয়া গ্রামের পারিবারিক কবরস্থানে তাকে সমাহিত করা হয়। মা-বাবা ও প্রয়াত স্ত্রীর কবরের পাশেই তার শেষ ঠিকানা নির্ধারণ করা হয়। সকাল থেকেই কোড়ালিয়া গ্রামে দাফনের প্রস্তুতি চলে। বাড়ির সামনে কবর খননসহ প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হয়। প্রিয় নেতাকে শেষবার দেখতে এলাকায় মানুষের ভিড় জমে।

ঢাকায় প্রথম জানাজা শেষে দুপুরে হেলিকপ্টারে তার মরদেহ ভোলায় নেওয়া হয়। পরে ভোলা সরকারি বালক উচ্চবিদ্যালয় মাঠে দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। সেখানে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। জানাজার আগে মাঠে উপস্থিত কয়েকজন বিএনপি নেতা-কর্মী স্থান পরিবর্তনের দাবি জানিয়ে বিক্ষোভ করেন। পরে স্থানীয় বিএনপি নেতারা পরিস্থিতি শান্ত করলে নির্ধারিত স্থানেই জানাজা সম্পন্ন হয়।

দ্বিতীয় জানাজায় বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী ও সাধারণ মানুষ অংশ নেন। পরে মরদেহ নেওয়া হয় জন্মভূমি কোড়ালিয়া গ্রামে। বিকেলে শেষ জানাজা শেষে তাকে দাফন করা হয়।